# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**29-04-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) কঠোর নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় আটটি নির্বাচনী জেলার ১৪২ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ৯২ শতাংশের মতো ভোট পড়েছে। কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব মোটের ওপর ছিল শান্তিপূর্ণ।

২) প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার নির্বাচনেও মানুষ প্রথম দফার মতোই বিপুল সংখ্যা তাঁদের ভোটাধিকার প্রয়োগ করেছেন, যা গণতন্ত্রের জন্য ভালো লক্ষণ।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার পশ্চিমবঙ্গে দু দফা মিলিয়ে স্বাধীনতার পর এই ভোটদানের হার সবচেয়ে বেশি বলে জানিয়েছেন। তিনি ঐ জন্য রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।

৩) তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবারের ভোটে তাঁর দলই দুই তৃতীয়াংশ সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে পুনরায় ফিরবে বলে দাবি করেছেন।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর পাল্টা দাবি, এবারের ভোটে তৃণমূল কংগ্রেসের পরাজয় নিশ্চিত।

৪) ফলতা বিধানসভা কেন্দ্রের কয়েকটি বুথে বিজেপি প্রার্থীর নাম টেপ দিয়ে ঢেকে রাখার অভিযোগ প্রমাণিত হলে পুনর্নির্বাচন হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

৫) ঘূর্ণাবর্তের জেরে হুগলি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি রয়েছে।

---

কঠোর নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় চূড়ান্ত দফায় আটটি নির্বাচনী জেলার ১৪২ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ৯২ শতাংশের মতো ভোট পড়েছে। কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া মোটের ওপর ভোটগ্রহণ পর্ব শান্তিপূর্ণ। বৃষ্টি মাথায় নিয়ে ভোটদাতারা সকাল থেকে ভিড় জমান বিভিন্ন বুথের সামনে।

সর্বাধিক ভোট পড়েছে পূর্ব বর্ধমানে– ৯৩ শতাংশের বেশি। সবচেয়ে কম কলকাতা দক্ষিণে ৮৭ দশমিক ৪/১ শতাংশ।

এছড়া হুগলীতে ৯১ দশমিক ৫/৪ শতাংশ, দক্ষিণ ২৪ পরগণায় ৯১ দশমিক ৮/০, উত্তর ২৪ পরগনায় ৯১ দশমিক ৭/৫, নদীয়ায় ৯১ দশমিক ৪/৭ , হাওড়ায় ৯১ দশমিক

২/১ এবং কলকাতা উত্তর নির্বাচনী জেলায় ৮৯ দশমিক ০/4 শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

**এই পর্বে** এক  হাজার, ৪৪৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হচ্ছে। এর মধ্যে মহিলা প্রার্থী রয়েছেন ২২০ জন।

প্রথম দফার ভোটের মতই দ্বিতীয় দফাতেও ভোটদানের হার রেকর্ড ছাপিয়ে যাবে বলে আশা করা হচ্ছে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট অভিরূপ

কলকাতার দুই নির্বাচনী জেলায় **১১** টি আসনে আজ ভোট নেওয়া হয়। মোটের ওপর ভোটগ্রহণ পর্ব ছিল শান্তিপূর্ণ। তবে সকলের নজরে ছিল ভবানীপুর। ঐ বিধানসভা কেন্দ্রে দুই হেভিওয়েট প্রার্থীর সকাল থেকে বিভিন্ন বুথ পরিদর্শন ঘিরে দফায় দফায় চাঞ্চল্য ছড়ায়। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট কাশফিন

-------------------

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার নির্বাচনেও মানুষ প্রথম দফার মতোই বিপুল সংখ্যা তাঁদের ভোটাধিকার প্রয়োগ করছেন,

যা গণতন্ত্রের জন্য ভালো লক্ষণ। তিনি আজ উত্তরপ্রদেশের হারদৌইয়ে এক অনুষ্ঠানে বলেন, মানুষ নির্ভয়ে ভোট দিয়েছেন, যা গত ৬/৭ দশকে কখনও দেখা যায়নি।

(বাইট- মোদী/ বাংলার ভোট)

-------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনেও বিপুল সংখ্যায় ভোটদানকে স্বাগত জানিয়েছেন। দু দফা মিলিয়ে স্বাধীনতার পর পশ্চিমবঙ্গে এই ভোটদানের হার সবচেয়ে বেশি বলেও তিনি জানান। এবারের নির্বাচনকে পশ্চিমবঙ্গের গর্ব বলেও অভিহিত করেন মুখ্য নির্বাচন কমিশনার।

-------------------

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজকের নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন। ভবানীপুরে তাঁর কেন্দ্রে ভোট দিতে গিয়ে, সাংবাদিকদের মমতা বলেন, কেন্দ্রীয় বাহিনীর যেখানে সীমান্ত এলাকা রক্ষা করা দরকার, সেখানে তারা একটি রাজনৈতিক দলেক দলের নিরাপত্তা রক্ষার দায়িত্ব নিয়েছে, যা কাম্য নয়। এবারের নির্বাচনে তৃণমূল কংগ্রেসই দুই তৃতীয়াংশ সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে পুনরায় ফিরবে বলেও তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

বাইট মমতা

অন্যদিকে এই নির্বাচন পরিবর্তনের পক্ষে এবং তৃণমূল কংগ্রেসের পরাজয় নিশ্চিত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পাল্টা দাবি করেছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি আজ একথা বলেন।

ভবানীপুরে আজ তাকে ঘিরে বিক্ষোভ দেখানো হয়। জয় হিন্দ ভবন এবং শাসকদলের কার্যালয়ে অবৈধ বাংলাদেশীদের এনে রাখা হয়েছিল বলে তাঁর দাবি।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও ভবানীপুরে শুভেন্দু বাবুকে ঘিরে বিক্ষোভ দেখানোর নিন্দা করেছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, তৃণমূল কংগ্রেসের স্বভাবই অগণতান্ত্রিক।

-------------------

বিজেপি অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনে জনতার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, বিপরীত পরিস্থিতিতে বিভিন্ন বাধা কাটিয়ে মানুষ ভয় মুক্ত হয়ে পরিবর্তনের লক্ষ্যে ভোট দিয়েছেন। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস তাদের ধারাবাহিকতা,রুচি ও সংস্কার বজায় রেখে লড়ার চেষ্টা করেছে। তবে মানুষের ইচ্ছা শক্তি এবং নির্বাচন কমিশনের প্রচেষ্টার কাছে পরাজিত হয়েছে।

বাইট শমিক

এদিকে, রাজ্য বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় আজ যাঁরা ভোট দিয়েছেন, cpim তাদের অভিনন্দন জানিয়েছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, SIR প্রক্রিয়ায় অনেকের নাম বাদ গেছে, ভোটাধিকার অর্জন করার জন্য গত চার মাস যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল তাতে ভোটের মূল্য অনেকে বুঝেছেন। অন্যান্য বারের তুলনায় এবারের ভোটদান প্রক্রিয়া অনেকটা শান্তিপূর্ণ।

বাইট সেলিম

রাজ্যে দ্বিতীয় দফার ভোট মোটের উপর শান্তিপূর্ণ ও ভালোভাবেই হয়েছে বলে প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় মন্তব্য করেছেন। এর জন্য নির্বাচন কমিশনের সক্রিয়তার যথেষ্ট ভূমিকা রয়েছে বলে তিনি আজ সাংবাদিকদের বলেন।

বাইট সৌম্য

------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে দ্বিতীয় তথা শেষ দফা '। রাজ্য বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------

ভোটদান প্রক্রিয়ায় কোনোরকম অনিয়ম প্রমানিত হলে সেখানে পুনর্নির্বাচন হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল স্পষ্ট জানিয়েছেন। আলিপুরে নিজের ভোট দিতে যাওয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সংশ্লিষ্ট বুথের প্রিজাইডিং অফিসার এবং অবজারভারদের দেওয়া রিপোর্টে র উপর ভিত্তি করেই এই সিদ্ধান্ত নেওয়া হবে।

একই সঙ্গে ইভিএম-এর বোতামে টেপ লাগানোর অভিযোগ প্রমাণিত হলেও পুনরায় ভোট নেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন। দক্ষিণ ২৪ পরগণার ফলতায় আজ বেশ কয়েকটি বুথে এধরনের অভিযোগ আসার প্রেক্ষিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মক পোলের সময়ে বা তার পরেও এই ঘটনা ঘটেনি। ভোট দিতে গিয়ে কোনো ভোটার এই কাজ করে থাকতে পারেন। তদন্ত করে, কারা এ কাজ করেছে, তাদের চিহ্নিত করা হবে। পাশাপাশি নিরাপত্তার স্বার্থে প্রয়োজন হলে কেন্দ্রীয় বাহিনী লাঠিচার্জ করতে পারেও বলেও সতর্ক করে দেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

বাইট

এদিকে ভোটগ্রহণ মোটের ওপর শান্তিপূর্ণ বলে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন।

-------------------

এদিকে, নির্বাচন কমিশন, দক্ষিণ ২৪ পরগণার ফলতায় কয়েকটি বুথে ইভিএমে টেপ ব্যবহার করার ঘটনায় রিপোর্ট তলব করেছে বলে জানা গেছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ফলতার ঘটনা সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিজেপির এরাজ্যের পর্যবেক্ষক ভূপেন্দ্র যাদবকে বিস্তারিত জানিয়েছেন।

বিজেপি ফলতার ওই সব বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে। দলের কেন্দ্রীয় নেতা অমিত মালব্য সামাজিক মাধ্যমে অভিযোগ করেন,বেশ কয়েকটি ভোট কেন্দ্রে ইভিএমে টেপ ব্যবহার করে বিজেপিকে ভোট দিতে আটকে দেওয়া হয়েছে। এর ফলে ভোটদাতারা তাদের পছন্দ অনুযায়ী ভোট দিতে পারেন নি। এর আগেও লোকসভা নির্বাচনে একই ধরনের চক্রান্ত করা হয়েছিল বলে তাঁর দাবি।

দলের রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা জানিয়েছেন,এইভাবে ইভিএমে টেপ আটকে রাখার অর্থ - তৃণমূল কংগ্রেস বুঝতে পেরেছে মানুষ এবার বিজেপিকে সব ভোট দেবে। তবে টেপ আটকে কার্য উদ্ধার করা যাবে না বলেও তাঁর দাবি ।

------------------

উত্তর চব্বিশ পরগনার বরানগরে নিয়োগী পাড়ায় পাঁচ বার ইভিম পরিবর্তন করতে হয়। টিটাগর পৌরসভার 12 নম্বর ওয়ার্ডের কাচ্চি লাইন এলাকায় ব্যারাকপুরের বিজেপি প্রার্থীর বিরুদ্ধে বুথের ভিতরে ঢুকে দরজা বন্ধ করে দেওয়ার অভিযোগে অশান্তির সৃষ্টি হয়। তৃণমূল কংগ্রেসের কর্মীরা ঘিরে ধরে বিক্ষোভ দেখায় পরিস্থিতি সামাল দিতে কেন্দ্রীয় বাহিনীকে লাঠিচার্জ করতে হয়।

অন্যদিকে ঐ ওয়ার্ডেরই লক্ষ্মী ঘাট অঞ্চলের ১৯৫ ও ১৯৭ নম্বর বুথে বিজেপি প্রার্থী ভুয়ো ভোটার ধরে ফেললে উত্তেজনা ছড়ায় এলাকায়। কেন্দ্রীয় বাহিনীর তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

আমাদের জেলা সংবাদ দাতার একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

হাওড়ার উদয়নারায়নপুরের বলরামপুর প্রাইমারি স্কুলের ২৪৫ নাম্বার বুথে কেন্দ্রীয় বাহিনীর ঠেলায় এক বৃদ্ধের মৃত্যু হয়েছে বলে অভিযোগ তৃণমূল কংগ্রেসের। ৮১

বছর বয়সী পূর্ণচন্দ্র দোলুই এর ছেলে তরণী দলুই অভিজোগ করেন তাঁকে তার বাবার সঙ্গে বুথে ঢুকতে দেওয়া হয়নি। ভোট দিয়ে বেরোনোর সময়ে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান তাঁকে ঠেলে ফেলে দিলে এই মৃত্যু বলে তিনি দাবী করেন।

------------------

বর্ধমান দক্ষিণ বিধানসভার নীলপুর এলাকায় বিজেপি প্রার্থী বুথ পরিদর্শনে গেলে তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকরা ‘জয় বাংলা’ স্লোগান দিতে শুরু করেন। এর ফলে ২৩৯ ও ২৪০ নম্বর বুথে উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। বিজেপির অভিযোগ, পরিকল্পিতভাবে প্রার্থীকে উসকে দিতেই স্লোগান দেওয়া হয়েছে।

মন্তেশ্বর বিধানসভার ৩৫ নং বুথে ভোটিং মেশিনে কারচুপির অভিযোগে ভোট গ্রহন প্রক্রিয়া প্রায় তিন ঘন্টা বন্ধ রাখতে হয়।  তৃনমুল কংগ্রেস প্রার্থীর সুইচে সেলোটেপ লাগানো র খবর পেয়ে সেখানে যান প্রার্থী। তিনটের পর নতুন মেশিন এনে চালু হয় ভোট গ্রহণ।

পূর্ব বর্ধমানে কেতুগ্রামের বিরুরি গ্রামের ৩৫ নম্বর বুথের কাছে পুকুর পাড় থেকে এক ব্যাগ বোমা  উদ্ধার করে পুলিশ। এন আই এ -র প্রতিনিধিদের  উপস্থিতিতে এই বোমাগুলি  নিষ্ক্রিয় করে সি আই ডির বোম স্কোয়াড।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

এদিকে, জুজুধান দুই রাজনৈতিক দলই সকাল থেকে খাবার দিয়ে ভোটার দের মন জয়ের চেষ্টা করছে বলে একে অপরের বিরুদ্ধে অভিজোগ করেছে। বর্ধমান উত্তর এবং খণ্ডঘোষ বিধানসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের শিবির থেকে ছোলা-মুড়ি বাতাসা দেবার অভিযোগ উঠেছে।

-------------------

দ্বিতীয় দফার ভোটের পরও পশ্চিমবঙ্গে ৭০০ কোম্পানী কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী সিএপিএফ মোতায়েন থাকবে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে আজ একথা জানানো হয়েছে। নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা রক্ষায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সিদ্ধান্ত বহাল থাকবে বলেও কমিশন সূত্রে জানা গেছে।

-------------------

ঘূর্ণাবর্তের জেরে কলকাতা সহ বিভিন্ন জেলায় আজ সকাল থেকে আকাশ মেঘলা। বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে। হুগলি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি রয়েছে। উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়া বয়ে

যাওয়ার সম্ভাবনা থাকায় মৎস্যজীবীদের আজ থেকে রবিবার তেসরা মে পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতি ভারী এবং দার্জিলিং, কালিম্পং ও কোচবিহার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

কলকাতায় বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার কারণে দিনের তাপমাত্রা কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় সাড়ে তিন ডিগ্রি কম।

আগামীকালও বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

------------------ ------------------